গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
শের-ই-বাংলা নগর, ঢাকা।

নং-২১.০০.০০০০.৩০৯.১৪.০১৮.২০১৭-৪৪ তারিখ: ২০-০৫-২০১৮ খ্রিষ্টাব্দ।

**বিষয়: "উন্নয়ন সহায়তার আওতায় গৃহীত কার্যক্রম"-সংক্রান্ত প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত "উন্নয়ন সহায়তার আওতায় গৃহীত কার্যক্রম"-সংক্রান্ত প্রকল্পসমূহের কিছু প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। আইএমই বিভাগ কর্তৃক প্রণীত উক্ত প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন কপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২। পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত ব্যাবস্থা ১ (এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০৩ (তিন) পাতা

২০-০৫-২০১৮

মো: মশিউর রহমান খান মিথুন
সহকারী পরিচালক
ফোন: ০১৭১৭২৫৮৯৯৬

সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড,বান্দরবান।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
২। পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
৩। মহাপরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**পরিদর্শনের তারিখ: ২৭/০৪/২০১৮ ও ২৮/০৪/২০১৮ খ্রী:**

**পরিদর্শনকারী কর্মকর্তার নাম:** মো: মশিউর রহমান খান মিথুন **পদবী:** সহকারী পরিচালক **সেক্টর:** পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮

**পরিদর্শনের পটভুমি:** পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তার আওতায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বান্দরবান জেলায় ৩১৯০০.৪৫ লক্ষ টাকা ব্যয়ে মোট ৬৪টি প্যাকেজের কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। বাস্তবায়নাধীন এ সকল কার্যক্রমসমূহের মধ্যে জেলার সদর উপজেলায় ০১টি এবং রুমা উপজেলায় ২টিসহ মোট ৩টি প্যাকেজ/প্রকল্প গত ২৭/০৪/২০১৮ ও ২৮/০৪/২০১৮ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বান্দরবান জেলার নির্বাহী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী উপস্থিত থেকে সহযোগিতা করেছেন। পরিদর্শিত প্যাকেজ ৩টি হলো: (ক) বান্দরবান জেলার সদর উপজেলায় ৩০০.০০ লক্ষ টাকা ব্যয়ে "ব্রিগেড অফিসের সামনে বালাঘাটা চিত্রাসেন বৈদ্য পাড়া এলাকায় ছাত্রাবাস নির্মাণ"; (খ) রুমা উপজেলায় ২০০.০০ লক্ষ টাকা ব্যয়ে "রুমা উপজাতীয় আবাসিক উচ্চ বিদ্যালয়ের শ্রেণী কক্ষ এবং হোস্টেল ভবন নির্মাণ"; এবং (গ) রুমা উপজেলায় ৩০০.০০ লক্ষ টাকা ব্যয়ে "সাংগু কলেজ কমপ্লেক্স নির্মাণ"।

**(১)ব্রিগেড অফিসের সামনে বালাঘাটা চিত্রাসেন বৈদ্য পাড়া এলাকায় ছাত্রাবাস নির্মাণ:** আলোচ্য প্যাকেজটি ০১/০৭/২০১৫ হতে ৩০/০৬/২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য ৩০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ২৫/১০/২০১৫ তারিখে অনুমোদিত হয়। প্যাকেজটির অনুমোদিত প্রাক্কলন করা হয় নিম্নরূপভাবে:

(লক্ষ টাকায়)

| ক্র: নং | অংগের নাম | বাস্তব কাজের পরিমাণ | আর্থিক সংস্থান |
|---|---|---|---|
| ১ | হোস্টেল ভবন নির্মাণ (ফাউন্ডেশনসহ নীচ তলা) | ৬০০ স্কয়ার মিটার | ১৫৩.৩৭ |
| ২ | ২য় তলা | ৬০০ স্কয়ার মিটার | ৯৬.৭০ |
| ৩ | স্যানিটেশন ও পানি সরবরাহ | ৬০০ স্কয়ার মিটার | ৯.১২ |
| ৪ | বিদ্যুতায়ন | ৬০০ স্কয়ার মিটার | ১২.৮১ |
| ৫ | সীমানা প্রাচীর | ৩৩৩.৮০ মিটার | ২৩.০০ |
| ৬ | কন্টিনজেন্সী | থোক | ৫.০০ |
| | | **মোট:** | **৩০০.০০** |

পরিদর্শনে দেখা যায়- দোতলাবিশিষ্ট ভবনটির নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। নির্মাণ কাজের জন্য ফাউন্ডেশনসহ নীচতলার কাজের জন্য এবং ২য় তলার কাজের জন্য আলাদা আলাদাভাবে কার্যাদেশ প্রদান করা হয়। বর্তমানে নির্মাণ কাজ সম্পন্ন করা হলেও ইলেকট্রিফিকেশনের আংশিক কাজ অবশিষ্ট রয়েছে। বাহ্যিকভাবে ভবনের নির্মাণ কাজের মান সন্তোষজন দেখা গেছে। বাউন্ডারী ওয়াল অদ্যাবধি নির্মাণ করা হয়নি।

**(২) রুমা উপজাতীয় আবাসিক উচ্চ বিদ্যালয়ের শ্রেণী কক্ষ এবং হোস্টেল ভবন নির্মাণ:** প্যাকেজটি ০১/০৭/২০১৫ হতে ৩০/০৬/২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য ২০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ২৫/১০/২০১৫ তারিখে অনুমোদিত হয়। অনুমোদিত প্রাক্কলন করা হয় নিম্নরূপভাবে:

(লক্ষ টাকায়)

| ক্র: নং | অংগের নাম | বাস্তব কাজের পরিমাণ | আর্থিক সংস্থান |
|---|---|---|---|
| ১ | ভবন নির্মাণ (শ্রেণী কক্ষ) | ৪৮০ স্কয়ার মিটার | ১০০.০২ |
| ২ | হোস্টেল ভবন নির্মাণ | ৩০০ স্কয়ার মিটার | ৬২.৫০ |
| ৩ | স্যানিটেশন ও পানি সরবরাহ (শ্রেণী কক্ষ) | ৪৮০ স্কয়ার মিটার | ৭.২৯ |

| ক্র: নং | অংশের নাম | বাস্তব কাজের পরিমাণ | আর্থিক সংস্থান |
|---|---|---|---|
| ৪ | হোস্টেল ভবন | ৩০০ স্কয়ার মিটার | ৪.৫৫ |
| ৫ | বিদ্যুতায়ন (শ্রেণী কক্ষ) | ৪৮০ স্কয়ার মিটার | ১০.২৪ |
| ৬ | হোস্টেল ভবন নির্মাণ | ৩০০ স্কয়ার মিটার | ৬.৪০ |
| ৭ | কন্টিনজেন্সী | থোক | ৪.০০ |
| ৮ | মূল্য বৃদ্ধিজনিত ব্যয় | থোক | ৫.০০ |
| | | মোট: | **২০০.০০** |

**পরিদর্শনকালে দেখা যায়-** প্যাকেজটির আওতায় গৃহীত শ্রেণী কক্ষ বর্ধিত করার জন্য একটি দোতলা ভবন নির্মাণ করা হয়েছে। এছাড়া একটি ছাত্রী হোস্টেল ভবন নির্মাণ করা হয়েছে। ভবন দুটির নির্মাণ কাজ সম্পন্ন করে পানি সরবরাহ, বৈদ্যুতিক ব্যবস্থা এবং ফার্নিচার সরবরাহ করা হয়েছে। ভবন ২টি স্কুল কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়নি।

**(৩) সাংগু কলেজ কমপ্লেক্স নির্মাণ:** প্যাকেজটি ০১/০৭/২০১৪ হতে ৩০/০৬/২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য ৩০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ১২/১১/২০১৪ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে মেয়াদকাল ১ বছর বৃদ্ধি করে ৩০/০৬/২০১৮ পর্যন্ত নির্ধারণ করা হয়। অনুমোদিত প্রাক্কলন নিম্নরুপ:

(লক্ষ টাকায়)

| ক্র: নং | অংশের নাম | বাস্তব কাজের পরিমাণ | আর্থিক সংস্থান |
|---|---|---|---|
| ১ | একাডেমী ভবন নির্মাণ (স্যানিটেরী ও বিদ্যুতায়নসহ) | ৭০০ স্কয়ার মিটার | ১৫৮.৬৫ |
| ২ | ছাত্র হোস্টেল নির্মাণ (স্যানিটেরী ও বিদ্যুতায়নসহ) | ১৯২ স্কয়ার মিটার | ৪৩.৫১ |
| ৩ | ছাত্রী হোস্টেল নির্মাণ (স্যানিটেরী ও বিদ্যুতায়নসহ) | ১৯২ স্কয়ার মিটার | ৪৩.৫১ |
| ৪ | সীমানা প্রাচীর | ৩৫৩ মিটার | ২৪.৩৩ |
| ৫ | আসবাবপত্র ও যন্ত্রপাতি | থোক | ২০.০০ |
| ৬ | কন্টিনজেন্সী | থোক | ৫.০০ |
| ৭ | মূল্য বৃদ্ধিজনিত ব্যয় | থোক | ৫.০০ |
| | | মোট: | **৩০০.০০** |

**একাডেমী ভবন নির্মাণ (স্যানিটেরী ও বিদ্যুতায়নসহ):** ৩ তলা ফাউন্ডেশনে ৩ তলা পর্যন্ত (৭০০ স্কয়ার মিটার) একাডেমী এ ভবনটি নির্মাণের সংস্থান থাকলেও প্রাথমিকভাবে ২য় তলা পর্যন্ত কার্যাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে ৩য় তলার নির্মাণ কাজের জন্য আলাদাভাবে কার্যাদেশ প্রদান করা হয়েছে। পরিদর্শনের সময় দেখা যায়- ১ম তলা ও ২য় তলার ইলেকট্রিফিকেশনের আংশিক কাজ ব্যতিত সকল কাজ সম্পন্ন হয়েছে। ১ম তলার ফ্লোরে টাইলস লাগানো হলেও ২য় তলায় টাইলস স্থাপন করা হয়নি। ৩য় তলার ছাদ ঢাকায় কাজ সম্পন্ন করে ইটের গাঁথুনী দেয়া হয়েছে। ৩য় তলার ফ্লোরে টাইলস স্থাপন করা হবে বলে নির্বাহী প্রকৌশলী জানান। বাহ্যিকভাবে নির্মাণ কাজের মান সন্তোষজন।

**ছাত্র হোস্টেল নির্মাণ (স্যানিটেরী ও বিদ্যুতায়নসহ): দুইতলাবিশিষ্ট ছাত্র ও ছাত্রী হোস্টেল (প্রতিটি** ১৯২ স্কয়ার মিটার) নির্মাণ কাজের জন্য আলাদা আলাদাভাবে দরপত্র আহবান করা হয়। ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়-পিপিআর-২০০৮ অনুসরণ করা হয়েছে। দুটি ভবনেরই নির্মাণ কাজ সম্পন্ন করে কলেজ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। বর্তমানে হোস্টেল দুটিতে কিছু ছাত্র ও ছাত্রী অবস্থান করছে। বাহ্যিকভাবে নির্মাণ কাজের মান সন্তোষজন।

**সীমানা প্রাচীর:** ৩৫৩ মিটার বাউন্ডারী ওয়াল নির্মাণের সংস্থান রেখে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনের সময় দেখা যায়-বাউন্ডারী ওয়ালের ৪০% নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপস্থিত নির্বাহী প্রকৌশলী তাগিদ দেন। নির্মাণ কাজের জন্য রাখা মালামাল এবং কলেজটির নিরাপত্তার জন্য জরুরীভিত্তিতে বাউন্ডারী ওয়াল নির্মাণের প্রয়োজন রয়েছে।

(৪) সুপারিশ:

**(ক) ব্রিগেড অফিসের সামনে বালাঘাটা চিত্রাসেন বৈদ্য পাড়া এলাকায় ছাত্রাবাস নির্মাণ:**

(১) জরুরীভিত্তিতে ভবনটির নির্মাণ কাজ সম্পন্ন করে যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(২) বাউন্ডারী ওয়াল নির্মাণে ব্যক্তি মালিকানা জায়গার কারণে (১০ মিটারমত) কিছুটা জটিলতা রয়েছে। আলোচনার মাধ্যমে এ সমাধান করে বাউন্ডারী ওয়ালের নির্মাণ কাজ সম্পন্ন করতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**(খ) রুমা উপজাতীয় আবাসিক উচ্চ বিদ্যালয়ের শ্রেণী কক্ষ এবং হোস্টেল ভবন নির্মাণ:**

(১) নির্মিত ভবন দুইটি স্কুল কর্তৃপক্ষের নিকট হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**(গ) সাংগু কলেজ কমপ্লেক্স নির্মাণ:**

(১) নির্মাণ কাজ তরান্বিত করে অনুমোদিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং ১ম তলা ও ৩য় তলার ন্যায় ২য় তলায়ও টাইলস স্থাপন করতে হবে।

(২) নির্মাণ কাজের জন্য রাখা মালামাল এবং কলেজটির সার্বিক নিরাপত্তার জন্য জরুরীভিত্তিতে বাউন্ডারী ওয়ালের নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।

20-05-2018

(মো: মশিউর রহমান খান মিথুন)
সহকারী পরিচালক